

স্মারক নং ৪৬.০৪৯.০০২.০৩.০০০০.১৯০.২০১১-

তারিখঃ

বিষয়ঃ চন্দনাইশ পৌরসভা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ-বছরের গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত অনিস্পন্দ অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদের জবাব প্রেরণ প্রসংগে।

- সূত্রঃ (ক) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৯.০০২.০৩.০০০০.১৯০.২০১১/৪৪৮, তারিখ -১২/০৬/২০১৭ খ্রিঃ।
(খ) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৯.০০২.০৩.০০০০.১৪১.২০১১/৬৭৩, তারিখ -২৮/০৮/২০১৭ খ্রিঃ।
(গ) স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের আধাসরকারি পত্রের স্মারক নং-৩৯৬, তারিখ-২১/০৯/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চন্দনাইশ পৌরসভা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ-বছরের গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত অনিস্পন্দ অডিট আপত্তির জবাব প্রেরণের জন্য "ক" সূত্রের মাধ্যমে অনুরোধ জানানো হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। ইতোমধ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে জবাব প্রেরণের জন্য আধাসরকারি পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। উক্ত পত্রে উল্লেখ করা হয়েছে যে " উল্লিখিত সময় সীমার মধ্যে সন্তোষজনক জবাব পাওয়া না গেলে আলোচ্য অডিট আপত্তিসমূহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ নং অনুচ্ছেদ অনুযায়ী জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে" (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, ২০১৫-২০১৬ অর্থ-বছরের অডিট আপত্তির প্রমানকসহ ২(দুই) সেট নিস্পত্তিমূলক জবাব আবশ্যিকভাবে আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে বিশেষ বাহক মারফত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


অনুসরণীয় নির্দেশনাঃ

- (ক) শুধুমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয় প্রেরণ এবং জবাবের সফট কপি twoaudit@gmain.com এ প্রেরণ করতে হবে;
- (খ) সাধারণ আপত্তিসমূহের নিস্পত্তিমূলক ১(এক) সেট জবাব সরাসরি মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে;
- (গ) আপত্তিকৃত সকল অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমানকসহ পৃথক পৃথক ভাবে ২(দুই) সেট জবাব প্রেরণ করতে হবে;
- (ঘ) স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং তারিখ ও টাকার পরিমান উল্লেখ করতে হবে;
- (ঙ) চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস প্রেরণ করতে হবে;
- (চ) প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
- (ছ) সকল প্রমানক সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
- (জ) সকল স্বাক্ষরের নিচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে এবং
- (ঝ) টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণে উল্লেখ করতে হবে।
- (ঞ) ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরনযোগ্য নয়।
- অডিট আপত্তি দৃষ্ট ও কার্যকরভাবে নিস্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

ছক "ক"

আপত্তির সন ও অনুঃ নং	অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের মতব্য
১	২	৩	৪

মেয়র,
চন্দনাইশ পৌরসভা
চট্টগ্রাম।


(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- ৫। অফিস কপি।

Reminder Letter-P